রম্যরচনার শ্রেষ্ঠ শিল্পী। বহুভাষিক পাণ্ডিত্য, তীক্ষ্ণ রসবোধ এবং বিশ্বনাগরিক দৃষ্টিভঙ্গি দিয়ে তিনি বাংলা ভ্রমণকাহিনি ও প্রবন্ধ-সাহিত্যে এক নতুন ধারার সৃষ্টি করেন।

মানিক বন্দ্যোপাধ্যায়



মানুষের গভীর মনস্তাত্ত্বিক জগত ও বাস্তবতার রূপকার। তিনি মানুষের অবচেতন মনের ক্ষুধা, যৌনতা ও অস্তিত্বের সংকটকে নিপুণভাবে তাঁর লেখায় তুলে ধরেছেন, যা তাঁকে বাংলা সাহিত্যে স্বতন্ত্র করেছে।

শওকত আলী



ইতিহাস ও ঐতিহ্য সচেতন লেখক। তিনি 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাসে বাংলার প্রাচীন ইতিহাস ও সাধারণ মানুষের জীবনসংগ্রামকে উপজীব্য করে বাংলা ঐতিহাসিক উপন্যাসে নতুন মাত্রা যোগ করেছেন।

আখতারুজ্জামান ইলিয়াস



জীবনকে সামগ্রিকভাবে ও গভীর অন্তর্দৃষ্টি দিয়ে দেখার শিল্পী। পুরাণ ঢাকার জনজীবন থেকে শুরু করে গ্রামীণ রাজনীতি ও ইতিহাসকে তিনি মহাকাব্যিক বিশালতায় তাঁর উপন্যাস 'চিলেকোঠার সেপাই' ও 'খোয়াবনামা'-তে ধারণ করেছেন।

গী দ্য মোপাসাঁ



বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ ছোটগল্পকার। বস্তুনিষ্ঠ ও নির্লিপ্ত দৃষ্টিকোণ থেকে মানুষের জীবনের নানা দিক, বিশেষ করে মনস্তাত্ত্বিক জটিলতা তুলে ধরার জন্য তিনি বিখ্যাত।

আলাওল



মধ্যযুগের শ্রেষ্ঠ কবি। তিনি আরবি, ফারসি ও সংস্কৃত ভাষায় সুপণ্ডিত ছিলেন এবং তাঁর পাণ্ডিত্য ও শিল্পবোধের সমন্বয়ে 'পদ্মাবতী'-র মতো ক্লাসিক আখ্যানকাব্য রচনা করেন।

মাইকেল মধুসূদন দত্ত



আধুনিক বাংলা কবিতার জনক। তিনি পয়ারের প্রথা ভেঙে 'অমিত্রাক্ষর ছন্দ' প্রবর্তন করেন এবং বাংলা সাহিত্যে সনেট ও সার্থক নাটকের সূচনা করেন।

জীবনানন্দ দাশ



'নির্জনতম কবি' ও বাংলা কবিতার শ্রেষ্ঠ চিত্ররূপকার। গ্রামবাংলার প্রকৃতিকে কেন্দ্র করে আধুনিক মানুষের নিঃসঙ্গতা, মৃত্যুচেতনা ও জীবন-জিজ্ঞাসাকে এক অনন্য শিল্পরূপ দিয়েছেন।

জসীমউদ্দীন



'পল্লীকবি'। তিনি বাংলার গ্রামীণ জীবন, লোকসংস্কৃতি ও লোকগাথাকে তাঁর কবিতার প্রধান উপজীব্য করে বাংলা সাহিত্যে অমর হয়ে আছেন।

সুফিয়া কামাল



নারী আন্দোলনের পথিকৃৎ এবং বাংলাদেশের অন্যতম প্রধান নারী কবি। তাঁর কবিতা ও কর্মকাণ্ড উভয়ই ছিল নারীমুক্তি ও মানবতাবাদের পক্ষে এক বলিষ্ঠ উচ্চারণ।

ফররুখ আহমদ



'মুসলিম রেনেসাঁর কবি'। তিনি বাংলা কবিতায় ইসলামের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে আধুনিক আঙ্গিকে তুলে ধরেছেন।

সুকান্ত ভট্টাচার্য



কিশোর কবি। মাত্র ২১ বছরের জীবনে তিনি শোষিত, বঞ্চিত ও মেহনতি মানুষের মুক্তির জন্য তাঁর কবিতাকে সংগ্রামের হাতিয়ার হিসেবে ব্যবহার করেছেন।

শামসুর রাহমান



'নাগরিক কবি'। তিনি আধুনিক নগরজীবনের একাকিত্ব, সংকট এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামসহ সকল গণতান্ত্রিক আন্দোলনের চেতনাকে কবিতায় ধারণ করেছেন।

আবু জাফর ওবায়দুল্লাহ



রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ কবিতার জন্য তিনি বিশেষভাবে পরিচিত। তাঁর "আমি কিংবদন্তির কথা বলছি" কবিতাটি বাঙালির ইতিহাস ও সংগ্রামকে ধারণ করে আছে।

আল মাহমুদ



আধুনিক বাংলা কবিতায় লোকজ ঐতিহ্য ও আঞ্চলিক শব্দের সার্থক রূপকার। তিনি গ্রাম ও শহরের চেতনাকে এক স্বতন্ত্র ভঙ্গিতে তাঁর কবিতায়, বিশেষ করে 'সোনালী কাবিন'-এ প্রকাশ করেছেন।

সৈয়দ ওয়ালীউল্লাহ



অস্তিত্ববাদী চেতনার রূপকার। তিনি লালসালু, চাঁদের অমাবস্যা ইত্যাদি উপন্যাসে গ্রামীণ কুসংস্কার, মানুষের মনস্তাত্ত্বিক সংকট ও ভণ্ডামিকে আধুনিক দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করেছেন।

সিকান্দার আবু জাফর



গণমানুষের মুক্তির প্রেরণাদাতা। তাঁর লেখা 'আমাদের সংগ্রাম চলবেই চলবে' গানটি মুক্তিযুদ্ধের অন্যতম উদ্দীপক সঙ্গীত এবং 'সিরাজউদ্দৌলা' নাটকটি একটি সফল ঐতিহাসিক নাটক।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর



১. 'কাঁঠালপাড়া' গ্রামে জন্মগ্রহণ করেছেন কোন লেখক? [জবি ক ইউনিট ২০১২-১৩] — গ
ক. আহসান হাবীব খ. সুকান্ত ভট্টাচার্য
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. ফররুখ আহমদ

২. নিচের কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছদ্মনাম? (৩০তম বিসিএস) — গ
ক) বীরবল খ) ভিমরুল গ) অনিলাদেবী ঘ) যাযাবর

৩. কত খ্রিষ্টাব্দে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'জগত্তারিণী' পদক লাভ করেন? (২৭তম বিসিএস) — খ
ক) ১৯১৬ খ) ১৯২৩ গ) ১৯৩৩ ঘ) ১৯০৩

৪. কোন সালে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সম্মানসূচক ডি.লিট ডিগ্রি প্রদান করা হয়? [ঢাবি, গ ইউনিট ২০০৭-০৮] — খ
ক) ১৯২৬ খ) ১৯৩৬ গ) ১৯৪৬ ঘ) ১৯৩৮

৫. নিচের কোন নাম শুদ্ধ বানানে লেখা হয়েছে? [জবি খ ইউনিট ২০১২-১৩] — ক
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. শরৎচন্দ চট্টোপাধ্যায় ঘ. শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়

৬. মুসলিম নারী জাগরণের অগ্রদূত কে? [চবি B ইউনিট ২০২০-২১] — ঘ
ক. সুফিয়া কামাল খ. জাহানারা ইমাম
গ. রিজিয়া রহমান ঘ. রোকেয়া সাখাওয়াত হোসেন

৭. কত সালে রোকেয়া সাখাওয়াত হোসেন মৃত্যুবরণ করেন? [চবি D ইউনিট ২০২০-২১] — ঘ
ক. ১৮৮০ খ. ১৯৩১ গ. ১৯৩৩ ঘ. ১৯৩২

৮. বেগম রোকেয়ার জন্মস্থান [জাবি G1 ইউনিট ২০১৮-১৯] — ক
ক. রংপুর জেলার মিঠাপুকুর থানার পায়রাবন্দ গ্রামে
খ. রংপুর জেলার শঠিবাড়ি থানার পায়রাবান্দা গ্রামে
গ. রংপুর জেলার পদ্মপুকুর থানার পায়রাবন্দ গ্রামে
ঘ. রংপুর জেলার মিঠাপুর থানার পায়রাবান্দা গ্রামে

৯. রোকেয়া সাখাওয়াত হোসেনের জন্ম কত সালে? [চবি খ ইউনিট২০১৮-১৯] — ক
ক. ১৮৮০ খ. ১৮৮১ গ. ১৮৮২ ঘ. ১৮৮৩

১০. কোন লেখকের জন্ম এবং মৃত্যু একই দিনে? [রাবি খ ইউনিট ২০১৭-১৮] — ক
ক. রোকেয়া সাখাওয়াত হোসেন খ. সুফিয়া কামাল
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. প্রমথ চৌধুরী

১১. রোকেয়া সাখাওয়াত হোসেনের জন্ম ও মৃত্যু তারিখ: [জাককানইবি; ক ইউনিট ২০১৬-১৭] — খ
ক. ৮ ডিসেম্বর খ. ৯ ডিসেম্বর
গ. ১০ ডিসেম্বর ঘ. ১১ ডিসেম্বর

১২. রোকেয়া সাখাওয়াত হোসেনের সমাধি কোথায়? [বেরোবি; ক ইউনিট ২০১৩-১৪] — গ
ক. রংপুর খ. ভাগলপুরে গ. কলকাতায় ঘ. ঢাকায়

১৩. সৈয়দ মুজতবা আলী কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? — ঘ
ক) ১৯০৭ খ) ১৯০৮ গ) ১৯০৬ ঘ) ১৯০৪

১৪. রোকেয়া সাখাওয়াত হোসেনের লেখা কী নামে প্রকাশিত হতো? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়; খ ইউনিট ২০১২-১৩; ২০১১-১২] — গ
ক. বেগম রোকেয়া খ. রোকেয়া সাখাওয়াত
গ. মিসেস আর. এস. হোসেন ঘ. রোকেয়া হোসেন

১৫. সৈয়দ মুজতবা আলী কোন বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন? — গ
ক. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় খ. হার্ভার্ড বিশ্ববিদ্যালয়
গ. বন বিশ্ববিদ্যালয় ঘ. ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়

১৬. সৈয়দ মুজতবা আলী মূলত কী পেশায় ছিলেন? — গ
ক. চিকিৎসক খ. লেখক গ. শিক্ষক ঘ. সাংবাদিক

১৭. মানিক বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন? [ঢা বো: ২৩; রা.বো.১৬] [রা বো. ২২] — গ
ক) ১৮০৮ খ) ১৮৩৮ গ) ১৯০৮ ঘ) ১৯৩৮

১৮. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক বাড়ি কোন জেলায়? [বশেমুরবিপ্র G ইউনিট ২০১৭-১৮] [চবি(B-ইউনিট)২০১৯-২০] — গ
ক. মানিকগঞ্জ খ. গোপালগঞ্জ গ. বিক্রমপুর ঘ. ভোলা

১৯. সাঁওতাল পরগণায় জন্মগ্রহণ করেন...[চবি মানবিক ইউনিট ২০২২-২৩] — গ
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ. মানিক বন্দ্যোপাধ্যায় ঘ. আখতারুজ্জামান ইলিয়াস

২০. মানিক বন্দ্যোপাধ্যায় কোন কলেজের ছাত্র ছিলেন? [চবি B ইউনিট, কলা ও মানববিদ্যা অনুষদ (৩য় শিফট) ২০২০-২১] — খ
ক. সংস্কৃত কলেজ খ. প্রেসিডেন্সি কলেজ
গ. রিপন কলেজ ঘ. বঙ্গবাসী কলেজ

২১. আখতারুজ্জামান ইলিয়াস জন্মগ্রহণ করেন কোথায়? [৪৫তম বিসিএস ২০২৩] — ক
ক. গাইবান্ধায় খ. বগুড়ায় গ. ঢাকায় ঘ. সিরাজগঞ্জে

২২. আখতারুজ্জামান ইলিয়াসের পেশা ছিল- [চবি খ-১ উপ-ইউনিট ২০২৩-২৪] — ক
ক. শিক্ষকতা খ. সাংবাদিকতা গ. চিকিৎসা ঘ. অভিনয়

২৩. গী দ্য মোপাসাঁ কত সালে মৃত্যুবরণ করেন? [কু.বো.'১৯] — খ
ক ১৮৯২ খ) ১৮৯৩ গ) ১৮৯৪ ঘ) ১৮৯৫

২৪. প্রখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁ কোন দেশে জন্মগ্রহণ করেন? [ঢাবি (ক-ইউনিট)-২০১৭-১৮; ইবি-২০১৭-১৮][চবি B ইউনিট- ২০২১-২২] — ক
ক) ফ্রান্স খ) ইতালি গ) জার্মানি ঘ) রাশিয়া

২৫. নেকলেস' গল্পের অনুবাদক পূর্ণেন্দু দস্তিদার মৃত্যুবরণ করেন- [রাবি A ইউনিট ২০২১-২২] — ঘ
ক. ৮ মে ১৯৭১ খ. ৯ মে ১৯৭২
গ. ১৯ এপ্রিল ১৯৭১ ঘ. ৯ মে ১৯৭১

২৬. পূর্ণেন্দু দস্তিদার মৃত্যুবরণ করেন- [জাবি C ইউনিট ২০২১-২২] — গ
ক. ভাষা আন্দোলনে অংশগ্রহন করতে গিয়ে রাজপথে
খ. স্বদেশি আন্দোলনে অংশগ্রহণ করতে গিয়ে
গ. মুক্তিযুদ্ধে অংশ গ্রহণে ভারত যাত্রার পথে
ঘ. স্বৈরাচার-বিরোধী আন্দোলন করতে গিয়ে

লেখকদের সম্পর্কে কেমন বহুনির্বচনি প্রশ্ন হয় অনুশীলন করে নাও এক নজরে


যৌবনের গান
বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন
অপরিচিতা
সাহিত্যের খেলা
বিলাসী
মাসি-পিসি
গদ্য
অর্ধাঙ্গী
বাংলাবিদ্বান
নেকলেস
গন্তব্য কাবুল
জীবন ও বৃক্ষ
রেইনকোট
কপিল দাস মুর্মুর শেষ কাজ

# গদ্য যেভাবে পড়বে...

## পরিকল্পনা ০১
### বিস্তারিত পঠন
(যখন হাতে যথেষ্ট সময় আছে)

এই প্ল্যানটি প্রতিটি গদ্য ভালোভাবে বুঝে আত্মস্থ করার জন্য।

**ধাপ ১. ভূমিকা:** প্রথমে লেখক পরিচিতি আর পাঠ-পরিচিতি এক বসায় পড়ে নাও। এতে পুরো গল্প/প্রবন্ধের একটি ফ্রেম মাথায় চলে আসবে।

**ধাপ ২. মূল পাঠ:** এবার মূল গল্প বা প্রবন্ধটি শব্দার্থের সাহায্য নিয়ে মনোযোগ দিয়ে পড়ো। প্রথমবার শুধু ঘটনা বা মূল বক্তব্য বোঝার চেষ্টা করো।

**ধাপ ৩. বিশ্লেষণ:** দ্বিতীয়বার পড়ার সময় গুরুত্বপূর্ণ লাইন, উক্তি বা চরিত্রের বৈশিষ্ট্যগুলো পেন্সিল দিয়ে দাগাও। লেখকের মূল যুক্তি বা গল্পের টার্নিং পয়েন্টগুলো বোঝার চেষ্টা করো।

**ধাপ ৪. নোট তৈরি:** দাগানো লাইন ও নিজের ভাবনাগুলো ব্যবহার করে প্রতিটি গদ্যের জন্য ৫-৭টি বুলেট পয়েন্টে একটি শর্ট নোট বানিয়ে ফেলো। **বিপ্লব** বইয়ের 'সাজানো নোট' বা 'সার-সংক্ষেপ' অংশের সাহায্য নিতে পারো।

**ধাপ ৫. অনুশীলন:** সবশেষে, জ্ঞানমূলক, অনুধাবনমূলক ও বহুনির্বাচনি (MCQ) প্রশ্নগুলো সমাধান করো। এরপর অন্তত ২টি সৃজনশীল প্রশ্নের উত্তর না দেখে লেখার চেষ্টা করে মিলিয়ে নাও।

## পরিকল্পনা ০২
### দ্রুত ও পরীক্ষামুখী প্রস্তুতি
(যখন হাতে সময় কম)

এই প্ল্যানটি পরীক্ষার আগে দ্রুত রিভিশন দেওয়া বা কম সময়ে সর্বোচ্চ প্রস্তুতি নেওয়ার জন্য।

**ধাপ ১. সারমর্ম:** সবার আগে 'পাঠ-পরিচিতি', 'সার-সংক্ষেপ' এবং 'সাজানো নোট' অংশটুকু পড়ে ফেলো। এতেই গদ্যের ৮০% ধারণা পেয়ে যাবে।

**ধাপ ২. কুইক টেস্ট:** এবার Apps থেকে দ্রুত কুইক টেস্ট দিয়ে দাও। এতে শুধু তুমি কতটুকু পড়েছ তা নয়, কতটুকু শিখেছ সেটাও বুঝতে পারবে।

**ধাপ ৩. প্রশ্নকেন্দ্রিক পড়া:** এবার সরাসরি জ্ঞানমূলক ও অনুধাবনমূলক প্রশ্নগুলো সমাধান করো। কোনো প্রশ্নের উত্তর না পারলে, শুধু সেই তথ্যটুকু বই বা নোট থেকে দেখে নাও। পুরো গদ্য পড়ার দরকার নেই।

**ধাপ ৪. সৃজনশীল স্ক্যান:** নিজে লেখার পরিবর্তে, সমাধান করে দেওয়া সৃজনশীল প্রশ্নগুলোর উদ্দীপক এবং 'গ' ও 'ঘ' অংশের উত্তর কীভাবে লেখা হয়েছে, শুধু সেই কৌশলটা দ্রুত দেখে নাও। এতে কম সময়ে উত্তর লেখার আইডিয়া পাবে।

**তোমার সুবিধা অনুযায়ী যেকোনো একটি প্ল্যান অনুসরণ করো। শুভকামনা!**

Follow
বাংলাবিদ্যান
SUBSCRIBE


বাংলাবিদ্বানি
ঋতু বর্ণন
বিদ্রোহী
সোনার তরী
তাহারেই পড়ে মনে
আঠারো বছর বয়স
কবিতা
সুচেতনা
প্রতিদান
পদ্মা
বিভিষণের প্রতি মেঘনাদ
ফেব্রুয়ারি ১৯৬৯
প্রত্যাবর্তনের লজ্জা
আমি কিংবদন্তির কথা বলছি
বিপ্লব
HSC + Admission
বাংলা

# ছন্দ নিয়ে যত কথা

বিপ্লব HSC+Admission বাংলা ১ম পত্র

**ছন্দ পরিচিতি -** সহজ কথায়, ছন্দ হলো কবিতা বা ভাষার সাজানোর একটি বিশেষ কৌশল বা ভঙ্গি। এর প্রধান কাজ হলো বাক্যের শব্দগুলোকে এমনভাবে সাজানো, যাতে তা শুনতে ভালো লাগে এবং তার মধ্যে একটি সুন্দর গতি ও তাল তৈরি হয়। ছন্দ ভাষাকে আরও প্রাণবন্ত ও আকর্ষণীয় করে তোলে। বিভিন্ন কবি ও সাহিত্যিক ছন্দকে নানাভাবে বর্ণনা করেছেন। যেমন:

- **রবীন্দ্রনাথ ঠাকুর** বলেছেন, "কথাকে তার জড়ধর্ম থেকে মুক্তি দেবার জন্যই ছন্দ।"
- **সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের** মতে, শব্দ সাজানোর যে পদ্ধতিতে বাক্য শুনতে মধুর হয় এবং তার মধ্যে ধ্বনি ও ভাবের সৌন্দর্য ফুটে ওঠে, তাকেই ছন্দ বলে।
- **প্রবোধচন্দ্র সেন** বলেছেন, "সুনিয়ন্ত্রিত ও সুপরিমিত বাক্য বিন্যাসের নাম ছন্দ।"

**ছন্দ বুঝতে হলে যা জানা প্রয়োজন** (ছন্দ বোঝার জন্য এর কিছু মূল উপাদান সম্পর্কে ধারণা থাকা দরকার। নিচে সেগুলো সহজভাবে আলোচনা করা হলো-)

**১. ধ্বনি**- ভাষার সবচেয়ে ছোট অংশ যা আমরা কানে শুনতে পাই, তাকে ধ্বনি বলে। যেমন: অ, আ, ক, খ ইত্যাদি।

**২. অক্ষর**- একবারে বা এক ঝোঁকে আমরা শব্দের যতটুকু অংশ উচ্চারণ করতে পারি, তাকে অক্ষর (Syllable) বলে।

অক্ষর দুই প্রকার: **মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর**

**মুক্তাক্ষর ও বদ্ধাক্ষরের পার্থক্য**

| বিষয় | মুক্তাক্ষর | বদ্ধাক্ষর |
|---|---|---|
| সংজ্ঞা | যে অক্ষরের শেষে স্বরধ্বনি থাকে এবং যা ইচ্ছামতো লম্বা করা যায়। | যে অক্ষরের শেষে ব্যঞ্জনধ্বনি থাকে এবং যা লম্বা করা যায় না। |
| উচ্চারণ | এটি উচ্চারণের পর মুখ খোলা থাকে। | এটি উচ্চারণের পর মুখ বন্ধ হয়ে যায়। |
| চিহ্ন | মুক্তাক্ষরের চিহ্ন হলো একটি ফাঁকা ঘর ( ) | বদ্ধাক্ষরের চিহ্ন হলো একটি হাইফেন (-) |
| উদাহরণ | মা, কে, না, তি, নি | কাজ, হাত, দিন, মন |

➤ **পর্ব** - একটি কবিতার লাইনের যতটুকু অংশ এক নিঃশ্বাসে পড়া যায়, তাকে পর্ব বলে। (সাধারণত দুটি পর্বের মাঝে একটি ছোট বিরতি থাকে।)

যেমন: **আমার এ ঘর | ভাঙিয়াছে যেবা, | আমি বাঁধি | তার ঘর,**
**আপন করিতে | কাঁদিয়া বেড়াই | যে মোরে | করেছে পর।** (এখানে প্রতিটি লাইন চারটি পর্বে ভাগ করা হয়েছে।)

➤ **মাত্রা** - একটি অক্ষর উচ্চারণ করতে যে সময় লাগে, তাকে মাত্রা বলে। ছন্দের প্রকারভেদ অনুযায়ী অক্ষরের মাত্রা গণনা করা হয়।

যেমন: গ গ নে গ র জে মে ঘ, ঘ ন ব র ষা।
কৃ লে এ কা ব সে আ ছি, না হি ভ র সা।

➤ **লয়**- কবিতা পড়ার গতিকে লয় বলে। লয় সাধারণত তিন প্রকার:
**ধীর লয়:** ধীরে ধীরে পড়া হয় (যেমন: অক্ষরবৃত্ত ছন্দ)।
**মধ্য লয়:** মাঝারি গতিতে পড়া হয় (যেমন: মাত্রাবৃত্ত ছন্দ)।
**দ্রুত লয়:** দ্রুত গতিতে পড়া হয় (যেমন: স্বরবৃত্ত ছন্দ)।

➤ **প্রবহমানতা**- যখন কবিতার একটি লাইনে বাক্য বা ভাব শেষ না হয়ে পরের লাইনেও চলে যায়, তাকে প্রবহমানতা বলে।

যেমন: **রক্ষঃপুরে! হায়, তাত, উচিত কি তব**
**এ কাজ, নিকষা সতী তোমার জননী,** (এখানে এ কাজ প্রথম লাইনে শেষ না হয়ে দ্বিতীয় লাইনে গড়িয়ে গেছে।)

➤ **মধ্যখণ্ডন**- কবিতার পর্ব ভাগ করার সময় যদি কোনো একটি শব্দকে অর্থের প্রয়োজনে ভাঙতে হয়, তবে তাকে মধ্যখণ্ডন বলে।
যেমন: গগনে গরজে মেঘ, ঘন বরষা। এখানে 'বর্ষা' শব্দটি ভেঙে 'বর্' এক পর্বে এবং 'ষা' পরের পর্বে গেছে।

➤ **স্তবক** - কবিতায় কয়েকটি চরণ মিলে যখন একটি ভাবের অংশ তৈরি হয়, তাকে স্তবক (Stanza) বলে।

যেমন: **"আঠারো বছর বয়স কী দুঃসহ**
**স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি**
**আঠারো বছর বয়সেই অহরহ**
**বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি"** (একটি স্তবকে ভাব বা বক্তব্যের একটি অংশ পূর্ণতা পায়।)

➤ **চরণ ও পঙ্ক্তি** কবিতার লাইন বোঝাতে এই দুটি শব্দ ব্যবহার হলেও এদের মধ্যে পার্থক্য রয়েছে।

| বিষয় | চরণ | পঙ্ক্তি |
|---|---|---|
| সংজ্ঞা | কবিতার একটি পূর্ণ বাক্যকে চরণ বলে। | ইংরেজি 'Line'-এর বাংলা হলো পঙ্ক্তি। এটি ছাপার একটি লাইন মাত্র। |
| বৈশিষ্ট্য | একটি চরণে ভাব বা অর্থ পূর্ণ হয়। | একটি পঙ্ক্তিতে ভাব বা অর্থ পূর্ণ নাও হতে পারে। |
| সম্পর্ক | একটি চরণ এক বা একাধিক পঙ্ক্তি নিয়ে গঠিত হতে পারে। | একটি পঙ্ক্তি চরণের অংশ হতে পারে, আবার নিজেও একটি পূর্ণ চরণ হতে পারে। |
| উদাহরণ | "মহাভারতের কথা অমৃত সমান।" (এখানে পুরো বাক্যটি একটি চরণ) | "যে জন দিবসে/মনের হরষে/জ্বালায় মোমের বাতি।" (এখানে প্রথম লাইনটি একটি পূর্ণ চরণ নয়, শুধু একটি পঙ্ক্তি)। |

## ➤ বাংলা ছন্দের প্রকারভেদ

**বাংলা ছন্দ প্রধানত ৩ প্রকার।** যথা: ১. অক্ষরবৃত্ত ২. মাত্রাবৃত্ত ৩. স্বরবৃত্ত। এছাড়াও আরো কিছু প্রকারের ছন্দ বাংলা কবিতায় দেখা যায়।

ছন্দ
- পয়ার
- **স্বরবৃত্ত**
- **মাত্রাবৃত্ত**
- **অক্ষরবৃত্ত**
- গদ্যছন্দ
- চতুর্দশপদী
- অমিতাক্ষর

স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত ছন্দের তুলনামূলক আলোচনা

| পার্থক্যের বিষয় | স্বরবৃত্ত ছন্দ | মাত্রাবৃত্ত ছন্দ | অক্ষরবৃত্ত ছন্দ |
|---|---|---|---|
| সংক্ষেপে মনে রাখার উপায় | দ্রুত লয়,<br>সব অক্ষর ১ মাত্রা,<br>ছড়ার ছন্দ। | মধ্যম লয়,<br>বদ্ধাক্ষর ২ মাত্রা,<br>গানের ছন্দ। | ধীর লয়,<br>শব্দের শেষে বদ্ধাক্ষর ২ মাত্রা (বাকি সব ১)<br>গম্ভীর কবিতার ছন্দ। |
| উদাহরণ | "কে বকেছে / কে মেরেছে /<br>কে দিয়েছে / গাল,<br>তাইতো খোকা / রাগ করেছে /<br>ভাত খায়নি / কাল।" | গগনে গরজে মেঘ, ঘন বরষা।<br>কূলে একা বসে আছি, নাহি ভরসা। | হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,<br>বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়? |
| অন্য নাম | দলবৃত্ত/লৌকিক ছন্দ/'শ্বাসাঘাত প্রধান' | বর্ণবৃত্ত বা 'ধ্বনি প্রধান' ছন্দ | যৌগিক বা কলামাত্রিক ছন্দ |
| মাত্রা গণনা পদ্ধতি | এই ছন্দে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর উভয়ই **১ মাত্রা** হিসেবে গণনা করা হয়। | এই ছন্দে মুক্তাক্ষর ১ মাত্রা এবং বদ্ধাক্ষর সর্বদা **২ মাত্রা** হিসেবে গণনা করা হয় | শব্দের শুরুতে বা মাঝে বদ্ধাক্ষর থাকলে **১ মাত্রা** এবং শেষে থাকলে **২ মাত্রা** ধরা হয়। মুক্তাক্ষর সর্বদা ১ মাত্রা |
| মূল পর্বের মাত্রা | মূলপর্ব সাধারণত **৪ মাত্রার** হয়। | মূলপর্ব সাধারণত **৬ মাত্রার** হয়<br>(তবে ৪, ৫, ৭ বা ৮ মাত্রারও হতে পারে)। | মূলপর্ব সাধারণত **৮ বা ১০ মাত্রার** হয়। |
| ভাব ও ব্যবহার | ছড়া এবং গান লিখতে এটি ব্যবহৃত হয়। | এর ভাব ললিত ও মধুর।<br>এতে গীতিপ্রবণতা বা সুরের নিষ্ঠা থাকে। | ভাব ও ভাষা গভীর, গম্ভীর, বিপুল এবং বিশাল। |

**বিভিন্ন প্রকার ছন্দ ও কাব্যরীতির পরিচিতি**

### পয়ার
এটি মূলত অক্ষরবৃত্ত ছন্দেরই একটি রূপ।

**সংজ্ঞা:** যে ছন্দের মূল বর্গের বা চরণের অক্ষর সংখ্যা চৌদ্দটি এবং চরণের শেষে মিল থাকে (মিত্রাক্ষর), তাকে পয়ার বলে।

**পরিচয়:** বাংলা সাহিত্যের প্রাচীন ও অতি প্রচলিত ছন্দ হলো পয়ার।

**উদাহরণ:** *"প্রথমে বসন্ত ঋতু নবীন পল্লব ।*
*দুই পক্ষ আগে পাছে মধ্যে সুমাধব ।।*

**কাঠামো:** প্রতিটি চরণে দুটি পর্ব থাকে।

**মাত্রা বিন্যাস:** ৮ + ৬ = ১৪ মাত্রা।

**বৈশিষ্ট্য:**
- ➤ এটি অক্ষরবৃত্ত বা পয়ার-জাতীয় ছন্দ।
- ➤ এটি মিত্রাক্ষর ছন্দ (চরণের শেষে মিল থাকে)।
- ➤ দুই চরণে একটি স্তবক গঠিত হয়।

### গদ্যছন্দ
এটি অক্ষরবৃত্তের একটি বিশেষ ধারা।

**সংজ্ঞা:** যে ছন্দ অন্ত্যমিলহীন, অসমপার্বিক এবং প্রবহমান, তাকে গদ্যছন্দ বলে।

**পরিচয়:** আধুনিক কালে প্রচলিত ছন্দ।

**উদাহরণ:** **আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে কেমন নিবিড় হয়ে। কখনো মিছিলে কখনো-বা একা হেঁটে যেতে যেতে মনে হয়-ফুল নয়, ওরা শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ,**

**রবীন্দ্রনাথের উক্তি:** "গদ্য ছন্দের চাল স্বাভাবিক চলন,
আর পদ্যছন্দের চাল নাচের চলন।"

**বৈশিষ্ট্য:**
- ➤ কোনো সুনির্দিষ্ট পর্ব ও মাত্রাসাম্য থাকে না।
- ➤ চরণের দৈর্ঘ্য অর্থের ওপর ভিত্তি করে স্বাধীন হয়।
- ➤ এটি প্রাকৃতিক বা স্বাভাবিক ছন্দ।

### অমিত্রাক্ষর ছন্দ
এটি বাংলা অক্ষরবৃত্ত ছন্দেরই নবরূপায়ণ।

**সংজ্ঞা:** যে পদ্যের চরণে অন্ত্যমিল থাকে না এবং ভাব প্রকাশের জন্য যতি বা ছেদ চিহ্ন স্বাধীনভাবে ব্যবহৃত হয়, তাকে অমিত্রাক্ষর ছন্দ বলে।

**পরিচয়:** পয়ার ছন্দকে ভেঙে মাইকেল মধুসূদন দত্ত এই নতুন ছন্দের প্রবর্তন করেন।

**উদাহরণ:** *"এতক্ষণে"- অরিন্দম কহিলা বিষাদে-*
*"জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল রক্ষঃপুরে!*

**প্রবর্তক:** মাইকেল মধুসূদন দত্ত।

**প্রথম ব্যবহার:** 'পদ্মাবতী' নাটকে।

**বৈশিষ্ট্য:**
- ➤ চরণে ১৪ মাত্রা (৮+৬) থাকে, কিন্তু চরণের শেষে মিল থাকে না।
- ➤ যতি বা ছেদ চিহ্নের স্বাধীনতা থাকে (ভাবের প্রবাহ অনুযায়ী)।
- ➤ ভাষা ও শব্দ চয়ন গম্ভীর এবং ধ্বনি-মাধুর্যপূর্ণ।
- ➤ ভাবের গভীরতা বেশি থাকে।

<table>
<tr><td rowspan="2">চতুর্দশপদী /সনেট (Sonnet)</td><td colspan="2">সংজ্ঞা: চৌদ্দ অক্ষরের (কখনও ১৮ অক্ষর) সমন্বয়ে গঠিত পঙ্ক্তিতে একটি নির্দিষ্ট অন্ত্যমিলে রূপায়িত কবিতাকে সনেট বলে।</td></tr>
<tr><td>জনক: আদি ও ইতালীয় সনেটের জনক: পেত্রার্ক।<br>আধুনিক ইংরেজি সনেটের জনক: শেক্সপিয়র।<br>বাংলা সনেটের প্রবর্তক: মাইকেল মধুসূদন দত্ত।<br>উদাহরণ:<br>অনেক ঘূর্ণিতে ঘুরে, পেয়ে ঢের সমুদ্রের স্বাদ,<br>জীবনের পথে পথে অভিজ্ঞতা কুড়ায়ে প্রচুর<br>কেঁপেছে তোমাকে দেখে জলদস্যু- দুরন্ত হার্মাদ</td><td>বৈশিষ্ট্য:<br>➢ গঠন: সনেটের দুটি অংশ থাকে-<br>১. অষ্টক (Octave): প্রথম ৮ পঙ্ক্তি (ভাবের প্রবর্তনা)।<br>২. ষটক (Sestet): শেষ ৬ পঙ্ক্তি (ভাবের পরিণতি)।<br>➢ নির্দিষ্ট গঠন ও আয়তন:<br>➢ দুটি অংশে বিভাজন:<br>➢ ভাবের সংহতি ও বিন্যাস:<br>➢ সুনির্দিষ্ট অন্ত্যমিল রীতি:</td></tr>
</table>

## চতুর্দশপদী /সনেট এর বিষয়াবলি




১. **নির্দিষ্ট গঠন ও আয়তন:**

- সনেট সর্বদা **১৪টি চরণে (পঙ্ক্তিতে)** রচিত হয়। এর কম বা বেশি হলে তাকে সনেট বলা যায় না।
- প্রতিটি চরণে সাধারণত **১৪টি অক্ষর বা মাত্রা** থাকে (বাংলা সনেটের ক্ষেত্রে অক্ষরবৃত্ত ছন্দের ৮+৬=১৪ মাত্রার চাল ব্যবহৃত হয়)।

২. **দুটি অংশে বিভাজন:** সনেটের ১৪টি চরণ দুটি প্রধান অংশে বিভক্ত থাকে:




- **অষ্টক (Octave):** কবিতার প্রথম আটটি চরণকে অষ্টক বলা হয়। এই অংশে কবি কোনো ভাব, অনুভূতি, সমস্যা বা প্রশ্ন উপস্থাপন করেন। একে **ভাবের প্রবর্তনা** বা ভূমিকার অংশ বলা যায়।
- **ষটক (Sestet):** কবিতার শেষ ছয়টি চরণকে ষটক বলা হয়। এই অংশে অষ্টকে উপস্থাপিত ভাব বা সমস্যার পরিণতি, সমাধান বা উপসংহার টানা হয়। একে **ভাবের পরিণতি** বা সমাপ্তির অংশ বলা হয়।

৩. **ভাবের সংহতি ও বিন্যাস:**

- সনেটের মূল বৈশিষ্ট্য হলো এর **একক ভাবকেন্দ্রিকতা**। একটিমাত্র অখণ্ড ভাব বা অনুভূতিকে কেন্দ্র করে কবিতাটি গড়ে ওঠে।
- অষ্টক থেকে ষটকে যাওয়ার সময় একটি ভাবের মোড় পরিবর্তন ঘটে, যাকে ইতালীয় ভাষায় **"ভোল্টা"** (Volta) বলা হয়। অষ্টকে যে ভাবনার জন্ম হয়, ষটকে এসে তা একটি নতুন দিকে মোড় নেয় বা চূড়ান্ত রূপ লাভ করে।

৪. **সুনির্দিষ্ট অন্ত্যমিল রীতি:** সনেটের চরণের শেষে একটি নির্দিষ্ট মিলবিন্যাস থাকে। প্রধানত দুটি রীতির সনেট দেখা যায়:

- **ক) পেত্রার্কীয় বা ইতালীয় সনেট:** এর অষ্টকের অন্ত্যমিল হলো **কখখক কখখক**। ষটকের মিলবিন্যাস বিভিন্ন রকম হতে পারে, যেমন- **গঘঙ গঘঙ** অথবা **গঘগ ঘগঘ**। মাইকেল মধুসূদন দত্ত মূলত এই রীতিই অনুসরণ করেছিলেন।
- **খ) শেক্সপীয়রীয় বা ইংরেজি সনেট:** এই রীতির সনেট তিনটি **চতুষ্পদী** (Quatrain) এবং একটি **দ্বিপদী** (Couplet) অংশে বিভক্ত। এর অন্ত্যমিল হলো **কখকখ গঘগঘ ঙচঙচ ছছ**। শেষ দ্বিপদীতে কবিতার মূল ভাবটি একটি চমকপ্রদ সমাপ্তি লাভ করে।

৫. **নির্দিষ্ট ছন্দ:** বাংলা সনেট সাধারণত **অক্ষরবৃত্ত ছন্দে** রচিত হয়। এর প্রতিটি চরণ পয়ারের মতো ৮+৬=১৪ মাত্রার পর্বে বিভক্ত থাকে। এই ছন্দ সনেটের গম্ভীর ও গভীর ভাব প্রকাশের জন্য অত্যন্ত উপযোগী।

৬. **গীতিময়তা ও সংহত রূপ:** কঠোর নিয়মকানুনের মধ্যে থেকেও সনেট তার গীতিময়তা হারায় না। এর সংক্ষিপ্ত ও সংহত রূপের কারণে এটি একটি স্বয়ংসম্পূর্ণ এবং শিল্প-সুষম মণ্ডিত কাব্যকৃতি হিসেবে বিবেচিত হয়।




## বিবিধ তথ্য (একনজরে)

- **গৈরিশ ছন্দ:** এই ছন্দের প্রবর্তক নাট্যকার **গিরিশচন্দ্র ঘোষ**।
- **মুক্তক ছন্দ:** এই ছন্দের প্রবর্তক **রবীন্দ্রনাথ ঠাকুর**।
- **পঞ্ঝটিকা:** এটি **১৬ মাত্রার** ছন্দ।
- **পয়ারের অর্থ:** পয়ার অর্থ পাদ বা চরণ।
- **সবচেয়ে আধুনিক ছন্দ:** অমিত্রাক্ষর ছন্দ।

বিপ্লব HSC+Admission বাংলা ১ম পত্র

# এক নজরে ছন্দ

বিপ্লব HSC+Admission বাংলা ১ম পত্র

## মাত্রাবৃত্ত

### সোনার তরী

গগনে গরজে মেঘ, ঘন বরষা।
কূলে একা বসে আছি, নাহি ভরসা।
রাশি রাশি ভারা ভারা
ধান কাটা হল সারা,
ভরা নদী ক্ষুরধারা
খরপরশা।
কাটিতে কাটিতে ধান এল বরষা।

### বিদ্রোহী

বল বীর-
বল উন্নত মম শির!
শির নেহারি' আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির!
আমি চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস,
মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস!
আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর,
আমি দুর্বার,
আমি ভেঙে করি সব চুরমার!
আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,
আমি দ'লে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল!

### প্রতিদান

আমার এ ঘর ভাঙিয়াছে যেবা, আমি বাঁধি তার ঘর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।
যে মোরে করিল পথের বিবাগী, —
পথে পথে আমি ফিরি তার লাগি।
দীঘল রজনী তার তরে জাগি ঘুম যে হরেছে মোর;
আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর।

### আঠারো বছর বয়স

"আঠারো বছর বয়স কী দুঃসহ
স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি
আঠারো বছর বয়সেই অহরহ
বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি"

## অক্ষরবৃত্ত

### ঋতু-বর্ণন

প্রথমে বসন্ত ঋতু নবীন পল্লব ।
দুই পক্ষ আগে পাছে মধ্যে সুমাধব ॥
মলয়া সমীর হৈলা কামের পদাতি ।
মুকুলিত কৈল তবে বৃক্ষ বনস্পতি ॥
কুসুমিত কিংশুক সঘন বন লাল ।
পুষ্পিত সুরঙ্গ মল্লি লবঙ্গ গুলাল ॥
ভ্রমরের ঝঙ্কার কোকিল কলরব।
শুনিতে যুবক মনে জাগে অনুভব ॥
নানা পুষ্প মালা গলে বড় হরষিত ।
বিচিত্র বসন অঙ্গে চন্দন চর্চিত ॥

### বিভীষণের প্রতি মেঘনাদ

"এতক্ষণে"- অরিন্দম কহিলা বিষাদে-
"জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল
রক্ষঃপুরে! হায়, তাত, উচিত কি তব এ কাজ,
নিকষা সতী তোমার জননী,
সহোদর রক্ষঃশ্রেষ্ঠ? শূলিশম্ভুনিভ কুম্ভকর্ণ?
ভ্রাতৃপুত্র বাসববিজয়ী!
নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?
কিন্তু নাহি গঞ্জি তোমা, গুরু জন তুমি পিতৃতুল্য।
ছাড় দ্বার, যাব অস্ত্রাগারে,
পাঠাইব রামানুজে শমন-ভবনে,
লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে।"

### তাহারেই পড়ে মনে

"হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,
বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?"
কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি-
"দক্ষিণ দুয়ার গেছে খুলি?
বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি
আমের মুকুল?
দখিনা সমীর তার গন্ধে গন্ধে হয়েছে কি অধীর
আকুল?"

### পদ্মা

অনেক ঘূর্ণিতে ঘুরে, পেয়ে ঢের সমুদ্রের স্বাদ,
জীবনের পথে পথে অভিজ্ঞতা কুড়ায়ে প্রচুর
কেঁপেছে তোমাকে দেখে জলদস্যু- দুরন্ত হার্মাদ

## গদ্যছন্দ

### সুচেতনা

সুচেতনা, তুমি এক দূরতর দ্বীপ
বিকেলের নক্ষত্রের কাছে;
সেইখানে দারুচিনি-বনানীর ফাঁকে
নির্জনতা আছে।
এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়।

### ফেব্রুয়ারি ১৯৬৯

আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে
শহরের পথে
কেমন নিবিড় হয়ে। কখনো মিছিলে
কখনো-বা
একা হেঁটে যেতে যেতে মনে হয়-ফুল নয়,
ওরা
শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে
ভরপুর।

### আমি কিংবদন্তির কথা বলছি

আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।
তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।
তিনি অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন
অরণ্য এবং শ্বাপদের কথা বলতেন
পতিত জমি আবাদের কথা বলতেন
তিনি কবি এবং কবিতার কথা বলতেন।
জিহবায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা
কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।

### প্রত্যাবর্তনের লজ্জা

শেষ ট্রেন ধরবো বলে এক রকম ছুটতে
ছুটতে স্টেশনে পৌঁছে দেখি নীলবর্ণ
আলোর সংকেত। হতাশার মতোন হঠাৎ
দারুণ হুইসেল দিয়ে গাড়ি ছেড়ে দিয়েছে।
যাদের সাথে শহরে যাবার কথা ছিল
তাদের উৎকণ্ঠিত মুখ জানালায় উবুড় হয়ে
আমাকে দেখছে।

## ছন্দ নিয়ে বহুনির্বচনি প্রশ্নোত্তর

১. রবীন্দ্রনাথের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত? ঘ
(৩০তম বিসিএস)
ক. স্বরবৃত্ত খ. অক্ষরবৃত্ত গ. মন্দাক্রান্তা ঘ. মাত্রাবৃত্ত

২. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত? গ
[জবি D ইউনিট ২০২৪-২৫]
ক. অক্ষরবৃত্ত খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. গদ্যছন্দ

৩. জসীমউদ্দীনের 'প্রতিদান' কবিতাটি কোন ছন্দে রচিত? ঘ
(শাবিপ্রবি B ইউনিট ২০২৪-২৫)
ক. স্বরবৃত্ত খ. অক্ষরবৃত্ত গ. গদ্যছন্দ ঘ. মাত্রাবৃত্ত

৪. গদ্যছন্দে রচিত কবিতা কোনটি? [জবি C ইউনিট ২০২৪-২৫] ঘ
ক. প্রতিদান গ. তাহারেই পড়ে মনে
খ. বিদ্রোহী ঘ. আমি কিংবদন্তির কথা বলছি

৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বৈশিষ্ট্য কোনটি? ক
[চবি D ইউনিট ২০২৪-২৫] [জাবি, C ইউনিট ২০১৯-২০]
ক. গদ্য ছন্দ ও প্রবহমান ভাষা খ. পয়ার ছন্দ
গ. অষ্টক ও ষটক বিভাজনম ঘ. অন্ত্যমিল

৬. 'সোনার তরী' কবিতার অধিকাংশ পঙক্তি কত মাত্রার পূর্ণ পর্বে বিন্যস্ত? [চবি D ইউনিট ২০২৪-২৫] খ
ক. ৬+৭ খ. ৮+৫ গ. ৫ +৮ ঘ. ৭ + ৬

৭. পঠিত কোন দুটি কবিতা মাত্রাবৃত্ত ছন্দে রচিত? ক
[চবি D-1 উপ-ইউনিট ২০২৪-২৫]
ক. সোনার তরী, আঠারো বছর বয়স
খ. তাহারেই পড়ে মনে, বিদ্রোহী গ. প্রতিদান, বিদ্রোহী
ঘ. ফেব্রুয়ারি ১৯৬৯, আমি কিংবদন্তির কথা বলছি

৮. নিচের কোন কবিতা অক্ষরবৃত্ত ছন্দে রচিত নয়? ঘ
[ঢাবি, B-ইউনিট, ২০১৬-১৭]
ক. বিভীষণের প্রতি মেঘনাদ খ. ঐকতান
গ. আঠারো বছর বয়স ঘ. তাহারেই পড়ে মনে

৯. নিচের কোনটি অপেক্ষাকৃত আধুনিক ছন্দ? ঘ
[চবি D ইউনিট ২০২৪-২৫] [চবি B ইউনিট - ২০২১-২২]
ক. অক্ষরবৃত্ত খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. অমিত্রাক্ষর

১০. অমিত্রাক্ষর ছন্দের উৎস কোনটি? [জাবি C ইউনিট ২০২২-২৩] ক
ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. কলাবৃত্ত

১১. কোন ছন্দটি বিদেশি ছন্দের অনুসৃতি? [চবি D ইউনিট, ২০২০-২১] ঘ
ক. অক্ষরবৃত্ত খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. অমিত্রাক্ষর
ব্যাখ্যা: অমিত্রাক্ষর ছন্দ Blank verse

১২. বাংলা অক্ষরবৃত্ত ছন্দের নতুন রূপ কোনটি? খ
[রাবি, A ইউনিট ২০১৯-২০]
ক. মাত্রাবৃত্ত খ. অমিত্রাক্ষর গ. পয়ার ঘ. স্বরবৃত্ত

১৩. অমিত্রাক্ষর ছন্দ কোন ছন্দের নবরূপায়ন? [চবি B ইউনিট ২০২১-২২] খ
ক. স্বরমাত্রিক খ. পয়ার গ. স্বরবৃত্ত ঘ. মাত্রাবৃত্ত

১৪. অমিত্রাক্ষর ছন্দের ভিত্তি কোন ছন্দ? [পাবিপ্রবি, A ইউনিট ২০১৯-২০] খ
ক. ত্রিপদী খ. পয়ার গ. মাত্রাবৃত্ত ঘ. অক্ষরবৃত্ত

১৮. মাত্রাবৃত্ত ছন্দ সাধারণত কয় মাত্রার হয়ে থাকে? খ
[জাবি, C-1 ইউনিট ২০১৯-২০]
ক. ৪ মাত্রার খ. ৫ মাত্রার গ. ৬ মাত্রার ঘ. ৮ মাত্রার

১৯. রূপক কবিতার ভাববস্তুর কয়টি দিক থাকে? [রাবি,A ইউনিট ২০১৭-১৮] ক
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ

১৫. মধুসূদন দত্ত কোন ছন্দ-প্রথা ভেঙে নতুন ছন্দ গড়লেন? খ
[চবি - ইউনিট, ২০২০-২১]
ক. স্বরবৃত্ত খ. পয়ার গ. মাত্রাবৃত্ত ঘ. গদ্যছন্দ

১৬. মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত ছন্দের নাম- ক
[ঢাবি চ ইউনিট ২০২৪-২৫]
ক. অমিত্রাক্ষর খ. মাত্রাবৃত্ত গ. অক্ষরবৃত্ত ঘ. স্বরবৃত্ত

১৭. 'অমিত্রাক্ষর' ছন্দের বৈশিষ্ট্য হলো- [২৫তম বিসিএস] খ
ক. অন্ত্যমিল আছে খ. অন্ত্যমিল নেই
গ. চরণের প্রথমে মিল থাকে ঘ. বিশ মাত্রার পর্ব থাকে

২০. বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে? গ
[জবি B ইউনিট ২০২৪-২৫)
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. কালিদাস রায়
ব্যাখ্যা: অক্ষরবৃত্ত ছন্দটি বাংলা সাহিত্যে আদিকাল থেকে ব্যবহৃত যেমন মঙ্গলকাব্য, রামায়ণ, মহাভারত, পুঁথিসাহিত্য। মাইকেল একে প্রবর্তন করেননি।

২১. প্রচলিত ভাষায় 'তত্ত্ব ছন্দ' বলতে বোঝায় – গ
[জাবি B ইউনিট ২০২২-২৩]
ক. স্বরবৃত্ত ছন্দ খ. মাত্রাবৃত্ত ছন্দ
গ. অক্ষরবৃত্ত ছন্দ ঘ. লৌকিক ছন্দ

২২. কোনটি ছড়ার ছন্দ? [চবি B-2 উপ-ইউনিট ২০২৪-২৫] খ
ক. অক্ষরবৃত্ত খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. ত্রিপদী
ব্যাখ্যা: ছড়া এবং গান লিখতেই স্বরবৃত্ত ছন্দ সচরাচর ব্যবহৃত হয়।

২৩. মুক্তাক্ষর এক মাত্রা এবং বদ্ধাক্ষরও এক মাত্রা গণনা করা হয় কোন ছন্দে? [৩৭তম বিসিএস) ঘ
ক. মাত্রাবৃত্ত খ. অক্ষরবৃত্ত গ. মুক্তক ঘ. স্বরবৃত্ত

২৪. যে ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার, তাকে বলা হয় ক
(১৭তম বিসিএস]
ক. স্বরবৃত্ত খ. পয়ার গ. মাত্রাবৃত্ত ঘ. অক্ষরবৃত্ত

২৫. ১৪ লাইন ১৪ অক্ষরের কবিতাকে কী বলা হয়? গ
[চবি ঘ ইউনিট ২০২৩-২৪]
ক. গদ্য কবিতা খ. নাট্যকাব্য গ. সনেট ঘ. গীতিকাব্য

২৬. সাহিত্যে অলঙ্কার প্রধানত কত প্রকার? (৩১তম বিসিএস) খ
ক. ৬ খ. ২ গ. ৪ ঘ. ৫

২৭. বাংলা ভাষায় ছন্দ প্রধানত কত প্রকার? গ
[৩০তম বিসিএস; ২৫তম বিসিএস] [চবি ঘ-১ উপ-ইউনিট ২০২৩-২৪]
ক. ২ খ. ৪ গ. ৩ ঘ. ৫

২৮. একটি উপমেয়র একাধিক উপমান থাকলে তাকে কী বলা হয়? ঘ
[GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় A ইউনিট- ২০২১-২২]
ক. লুপ্তোপমা খ. রূপক গ. পূর্ণোপমা ঘ. মালোপমা

২৯. যে উপমায় উপমেয়, উপমান, সাধারণ ধর্ম এবং তুলনাবাচক শব্দ উপস্থিত থাকে তাকে কী বলা হয়? ঘ
[GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় B ইউনিট ২০২১-২২]
ক. মালোপমা খ. লুপ্তোপমা গ. প্রতিবিম্ব উপমা ঘ. পূর্ণোপমা

৩০. "মহা-বিদ্রোহী রণ-ক্লান্ত/আমি সেইদিন হব শান্ত" এখানে "ক্লান্ত" ও "শান্ত" শব্দদ্বয়ের প্রয়োগকে কী বলা হয়? ঘ
[GST C ইউনিট (বাণিজ্য শাখা) - ২০২২-২৩]
ক. উপমা খ. রূপক গ. যমক ঘ. অন্ত্যমিল
ব্যাখ্যা: ছন্দ ও অন্ত্যমিল যেখানে শেষের শব্দ আগের পঙ্ক্তির শব্দের সাথে ছন্দে মেলে বা মিলে যায়, সেটাই হলো অন্ত্যমিল।

কোর্সটির এক্সেস পেতে

**Step 01 : ভিডিওটি দেখো**

Scan me

**Step 02 : কোডটি দাও**

| Code | |
|---|---|

**Step 03 : inbox নক দাও**

যে কোনো সমস্যায় ফেসবুক পেজে নক দাও

বাংলাবিদ্বান